যুগান্তর

তারিখ ১৮ JUL 2016
পৃষ্ঠা ৩...৬ কলাম ... ৬

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ

# টিউশন ফি ৪শ' টাকা বৃদ্ধির প্রতিবাদে মানববন্ধন

যুগান্তর রিপোর্ট

উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার্থী টিউশন ফি একধাপে ৪শ' টাকা বাড়ানোর প্রতিবাদে রাজধানীর আইডিয়াল স্কুল ও কলেজের সামনে মানববন্ধন করেছেন অভিভাবকরা। একইসঙ্গে বর্ধিত ফি প্রত্যাহারের জন্য তারা অধ্যক্ষকে স্মারকলিপি দিয়েছেন।

পুলিশ জানিয়েছে, বেলা ১১টার দিকে কয়েকশ' অভিভাবক স্কুলের সামনে এ কর্মসূচি পালন করেন। এসময় অভিভাবকরা বলেন, একাদশ ও দ্বাদশ শ্রেণীতে আগে ১৪শ' টাকা টিউশন ফি দেয়া হতো। এখন তা বাড়িয়ে ১৮শ' টাকা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে এ ব্যাপারে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব বিবেচনা শেষে শিক্ষা মন্ত্রণালয়ের বর্ধিত টিউশন ফি'র হার নির্ধারণ করে দেয়ার কথা। কিন্তু প্রতিষ্ঠানটি সেই নির্দেশনার অপেক্ষা করেনি। এ ব্যাপারে যোগাযোগ করে কলেজের অধ্যক্ষ শ... আরা বেগমের সঙ্গে কথা বল... করলেও তা সম্ভব হয়নি।